

জাবি ছাত্রদলের ভ্যাকসিনেশন প্রোগ্রামের প্রথম ধাপ সম্পন্ন

জাবি সংবাদদাতা

প্রকাশিত: ২৩:০৩, ২৪ মে ২০২৫



বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শাখা কর্তৃক
আয়োজিত বিনামূল্যে হেপাটাইটিস-বি ভ্যাকসিনেশন প্রোগ্রামের প্রথম ধাপের কার্যক্রম
সম্পন্ন হয়েছে। এতে মোট ৫৩২০ জন রেজিস্ট্রেশন করেছে।

শনিবার (২৪ মে) শাখা ছাত্রদলের আহ্বায়ক ও সদস্য সচিব স্বাক্ষরিত এক প্রেস রিলিজে
এ তথ্য জানানো হয়।

এতে উল্লেখ করা হয়, জাবি ছাত্রদলের ব্যবস্থাপনায় গত ১০ মে থেকে প্রথম ধাপের হেপাটাইটিস ভ্যাকসিনেশন কার্যক্রম শুরু হয়। যা ২৩ মে শেষ হয়। প্রথম ধাপে ৫ হাজার তিনিশত ২০ জন রেজিস্ট্রেশন করেছে। এর মধ্যে স্ক্রিনিং (ব্লাড স্যাম্পল পরীক্ষা) করেছেন ৪ হাজার তিনিশত ৮২ জন। এতে ৪ হাজার তিনিশত ৩৩ জনের নেগেটিভ এবং ৪৯ জনে হেপাটাইটিস বি পজেটিভ শনাক্ত হয়েছে। তবে ৩ হাজার তিনিশত ২৪ জন টিকা গ্রহণ করেছেন বলে জানিয়েছেন শাখা ছাত্রদলের আহ্বায়ক জহির উদ্দিন মোহাম্মদ বাবর।



[নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | Sports | Janakantha](#)

আগামী ১৬ জুন থেকে ২২ জুন পর্যন্ত দ্বিতীয় এবং ১৬ জুলাই থেকে ২২ জুলাই পর্যন্ত তৃতীয় ডোজের টিকা প্রদান করা হবে বলে প্রেস রিলিজে জানানো হয়। দ্বিতীয় ডোজের টিকা প্রদানকালে ব্লাড স্ক্রিনিং এবং ১ম ডোজের ভ্যাকসিন নেয়ার ব্যবস্থা রাখা হবে বলে জানিয়েছে ছাত্রদল নেতৃবৃন্দ। এছাড়া যে সকল শিক্ষার্থীর হেপাটাইটিস বি পজেটিভ শনাক্ত হয়েছে তাদের ড্যাবের সহযোগিতায় এবং জাবি শাখা ছাত্রদল তত্ত্বাবধানে চিকিৎসার ব্যবস্থাপনা সংক্রান্ত সকল সহযোগিতা করা হবে।

আহ্বায়ক জহির উদ্দিন মোহাম্মদ বাবর বলেন, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমানের নির্দেশনায়, ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব) এর সহযোগিতার, ছাত্রদল কেন্দ্রীয় সংসদের তত্ত্বাবধানে এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্রদলের ব্যবস্থাপনায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য গত ১০ মে থেকে শুরু হওয়া 'ফ্রি হেপাটাইটিস বি ভ্যাকসিন' প্রোগ্রাম গত ১০ মে থেকে স্ক্রিনিং শুরু হয়, গত ১৪ মে থেকে ভ্যাকসিনের প্রথম ডোজ ভ্যাকসিন প্রদানের কার্যক্রম শুরু হয়। ২৩ মে প্রথম ধাপের ভ্যাকসিনেশন কার্যক্রম সফলভাবে শেষ হয়। প্রথম ধাপের ভ্যাকসিনেশন প্রোগ্রাম সফলভাবে সম্পন্ন করার জন্য বিশ্ববিদ্যালয়ের সকল

অংশীজনদের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি, সামনের দিনগুলোতেও আমরা
শিক্ষার্থীবান্ধব কর্মসূচি অব্যহত রাখবো।